

(2)

Ex./BANGLA/PG/2.56B/2018

অথবা

৪. শরৎচন্দ্রের 'দেবদাস' এক আশ্চর্য ধরনের জনপ্রিয় আখ্যান-প্রেমের যে চেহারা এবং পরিণতি একে দীর্ঘকাল জনপ্রিয় রেখেছে, সাম্প্রতিককালে তার ঠিক বিপরীত 'আদর্শ'ও ক্রমশ জনপ্রিয় হয়ে উঠতে দেখা যাচ্ছে। এই কথাটির পক্ষে বা বিপক্ষে তোমার মজামত জানাও। ১০

৫. যদি বলা হয়, 'রাত ভ'রে বৃষ্টি' একেবারেই ভুল কারণে জনপ্রিয় একটি বই, আর 'চৌরঙ্গী'র জনপ্রিয়তা একেবারেই সচেতন নির্মাণ তাহলে তুমি কি তার সঙ্গে একমত হবে? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

অথবা

৬. শংকরের আত্মজৈবনিক উপাদান কি 'চৌরঙ্গী'র অবিশ্বাস্য জনপ্রিয়তার একটি কারণ হতে পারে? যদি হয়, তবে উপন্যাসে তার গুরুত্ব আলোচনা করো। ১০

৭. 'ন হন্যতে' উপন্যাসটি 'লা নুই বেঙ্গলি'-র একধরনের প্রত্যুত্তর। কিন্তু উপন্যাসটি সময় ও সমকালকে ধরেছে নিপুণ কুশলতায়। উপন্যাস অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ১০

অথবা

৮. 'সুদূর ঝর্ণার জলে' ভ্রমণ বৃত্তান্ত বলে অনেকসময় মনে হলেও উপন্যাসটির গভীরে সম্পর্ক বয়নের সূক্ষ্ম ইঙ্গিত রয়েছে এটাই কি উপন্যাসটির জনপ্রিয়তাকে নিয়ন্ত্রিত করেছে? আলোচনা করো। ১০

স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা জনপ্রিয় আখ্যান

কোর্স পি.জি - ২.৫৬বি

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. জনপ্রিয় আখ্যানে পাঠকসমাজের অপ্রকাশ্য আকাঙ্ক্ষাসমূহের সাময়িক তৃপ্তি ঘটে -- ফলে জনপ্রিয় আখ্যানসমূহ আসলে 'ছেলেভুলানো' ছড়া গোত্রেরই জিনিস। -- তুমি কি এই মত সমর্থন করবে? যুক্তিসহ উত্তর দাও। ১০

অথবা

২. জনপ্রিয় আখ্যানে পাঠক অভ্যাসের আরাম থেকে বঞ্চিত হন না--তাকে পরিশ্রম করতে হয় না--উৎপাদক আসলে পাঠকের কাছ থেকে সমাজপ্রচল ধারণাসমূহের আরও মান্যতা আদায় করে নেন--জনপ্রিয় আখ্যানের এই সূত্রাবলি তুমি কীভাবে দেখবে বুঝিয়ে দাও। ১০

৩. ১৯৮৬ সালে নিউইয়র্কে প্রদত্ত এক বিখ্যাত বক্তৃতায় 'My Master' স্বামী বিবেকানন্দ তাঁর গুরু শ্রীরামকৃষ্ণের এক 'সামাজিক' মূর্তি নির্মাণ করতে চাইলেন। তুমি যখন 'কথামৃত' পড়, সেখানে এই মূর্তির কোনও বিকল্প-চেহারা কি দেখতে পাও? যুক্তি দিয়ে তোমার মত লেখো। ১০